বাংলাদেশের প্রতিবেশ ও উন্নয়ন বিষয়ক কর্মজোট

bwged

তারিখ : ২৭ অক্টোবর ২০২৪

বরাবর
এ. এফ. হাসান আরিফ
মাননীয় উপদেষ্টা
ভূমি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভবন - ৪, ফ্লোর - ৩, বাংলাদেশ সচিবালয়
ঢাকা ১০০০, বাংলাদেশ

অনুলিপিঃ

১। **আদিলুর রহমান খান,** মাননীয় উপদেষ্টা, শিল্প মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
২। **সৈয়দা রিজওয়ানা হাসান,** মাননীয় উপদেষ্টা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
৩। **এ. এস. এম. সালেহ আহমেদ,** সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
৪। **মোহাম্মদ সালাহ্উদ্দিন,** জেলা প্রশাসক, কক্সবাজার জেলা, বাংলাদেশ

মাতারবাড়ি দ্বীপে এস. আলম গ্রুপের ২,০০০ একর জমি ক্রয়ের অনুমোদন বাতিলের আবেদন

মাননীয় উপদেষ্টা,

আমরা বাংলাদেশের প্রতিবেশ ও উন্নয়ন বিষয়ক কর্মজোট (BWGED)-এর সদস্যদের পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। বিগত প্রায় এক দশক যাবৎ কর্মজোট ও এর সদস্য সংগঠনসমূহ বিদ্যুৎ, জ্বালানি ও পরিবেশ বিষয়ে ন্যায্য রূপান্তর, সুশাসন ও জবাবদিহিতার জন্য কাজ করে যাচ্ছে।

আপনার সদয় অবগতির জন্য জানাতে চাই যে, গত ৬ সেপ্টেম্বর ২০২২ ইং তারিখে কক্সবাজার জেলাধীন মহেশখালী উপজেলায় (বঙ্গোপসাগর সংলগ্ন) মাতারবাড়ি মৌজায় বৃহৎ শিল্প স্থাপনের লক্ষ্যে এস. আলম গ্রুপকে ২,০০০ একর জমি ক্রয়ের মাধ্যমে অর্জনের অনুমোদন দেওয়া হয় (সংযুক্তি)। ইতঃপূর্বে, মাতারবাড়ি অঞ্চলে সরকারি বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠান জমি অধিগ্রহণ করেছে। বিশেষভাবে উল্লেখযোগ্য, কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড (সিপিজিসিবিএল), বন্দর ও কয়লাভিত্তিক বিদ্যুত কেন্দ্র স্থাপনের জন্য ১,৬০৮ একর, সিপিজিসিবিএল-সেম্বকর্প প্রকল্পের জন্য ১,৪২৭ একর এবং সিপিজিসিবিএল-মিতসুই প্রকল্পের জন্য ৪০০ একর জমি অধিগ্রহণ করা হয়েছে, যা প্রায় ৩,৪৩৫ একর জমি অধিগ্রহণের সমতুল্য (সিপিজিসিবিএল বার্ষিক প্রতিবেদন, ২০২৩)।

মাননীয় উপদেষ্টামণ্ডলী,

মাতারবাড়ি দ্বীপে জমি অধিগ্রহণের ফলে ইতোমধ্যেই পরিবেশ ও জীববৈচিত্র্যের ওপর নেতিবাচক প্রভাব পড়েছে, যার ফলে স্থানীয় জনগণের জীবনযাত্রা মারাত্মক হুমকির সম্মুখীন। অতিরিক্ত শিল্প-কারখানা গড়ে উঠায়, এই অঞ্চলের প্রায় ২৫ একর জমিতে বিষক্রিয়া ও কেমিক্যাল রিঅ্যাকশনের কারণে জনস্বাস্থ্য বিপন্ন হচ্ছে। মাতারবাড়ি ইউনিয়ন ও এর আশেপাশের অঞ্চল, বিশেষ করে চট্টগ্রামের কক্সবাজার জেলার মহেশখালি উপজেলার ধলঘাটা ইউনিয়ন, বান্দি শিকদারপাড়া এবং আশপাশের বনাঞ্চল, বন্যপ্রাণী, মৎস্যসম্পদ এবং অভয়ারণ্য ইতোমধ্যেই বিভিন্ন উন্নয়ন প্রকল্পের কারণে ঝুঁকির মুখে রয়েছে, যা আরও প্রকট হবে। আরও জমি অধিগ্রহণ এবং

সচিবালয় : ৪ মল্লিকবাড়ি রোড, বয়রা-রায়েরমহল, খুলনা ৯০০০, বাংলাদেশ
ফোন : +৮৮ ০২ ৪৭৭৭ ০১৪৫৮, মোবাইল : +৮৮ ০১৯৭৬ ৭০২ ০০৬
ওয়েবসাইট : https://bwged.blogspot.com

শিল্প-কারখানা গড়ে উঠলে অঞ্চলটি পরিবেশগত সংকটে পড়বে এবং স্থানীয়দের বসবাসের অযোগ্য হয়ে উঠবে।

মাননীয় উপদেষ্টামণ্ডলী,

উল্লেখ্য, ২০১১ সালের জনশুমারী এবং গৃহগণনা রিপোর্ট অনুযায়ী, মাতারবাড়ি ইউনিয়নের জনসংখ্যা ছিল ৪৪,৯৩৭ জন এবং ধলঘাটা ইউনিয়নের জনসংখ্যা ছিল ১২,৮৭৭ জন। ২০২২ সালের জনশুমারী এবং গৃহগণনা রিপোর্ট অনুযায়ী, মাতারবাড়ি ইউনিয়নের জনসংখ্যা বৃদ্ধি পেয়ে ৫২,৭৪৬ জনে দাঁড়ালেও, ধলঘাটা ইউনিয়নে জনসংখ্যা হ্রাস পেয়ে ১১,৩৬১ জনে নেমে এসেছে।

আপনারা জানেন, বাংলাদেশ সংবিধানের ১৫ (ক) ধারা অনুসারে, জনগণের অন্ন, বস্ত্র, বাসস্থান, শিক্ষা ও চিকিৎসাসহ জীবনধারণের মৌলিক চাহিদা পূরণের নিশ্চয়তা রাষ্ট্রের দায়িত্ব। মাতারবাড়ি অঞ্চলে অতিরিক্ত জমি অধিগ্রহণ এবং শিল্প-কারখানা স্থাপন স্থানীয় জনগণের জীবিকা ও বাসস্থানকে বিপন্ন করবে। এটি কেবলমাত্র তাদের আর্থিক সংকটেই ফেলবে না, বরং বসবাসের অধিকার থেকেও বঞ্চিত করবে। এ ধরনের কার্যক্রম স্পষ্টতই মৌলিক অধিকারের লঙ্ঘন। এছাড়া, সংবিধানের ১৮(১) ধারা অনুযায়ী রাষ্ট্রের দায়িত্ব হলো পরিবেশ সংরক্ষণ ও উন্নয়ন নিশ্চিত করা, যাতে বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি টেকসই পরিবেশ বজায় থাকে। অতিরিক্ত জমি অধিগ্রহণের ফলে পরিবেশগত ক্ষতি ও জীববৈচিত্র্যের ওপর বিরূপ প্রভাব পড়বে, যা উক্ত ধারার গুরুতর লঙ্ঘন।

মহোদয়,

অতিরিক্ত এই জমি অধিগ্রহণ, প্রয়োজনের অতিরিক্ত জীবাশ্ম জ্বালানিভিত্তিক বিদ্যুৎকেন্দ্র এবং শিল্প-কারখানা স্থাপন কেবলমাত্র পরিবেশেরই ক্ষতি নয়, বরং এটি উপকূলীয় জনগণের মৌলিক অধিকার অর্থাৎ, জীবিকা, বাসস্থান, এবং নিরাপদ পরিবেশের ও পরিপন্থী। শিল্পোন্নয়নের উদ্দেশ্যে জমি অধিগ্রহণের এই ধারা অব্যাহত থাকলে, পরিবেশ ও সামাজিক স্থিতিশীলতা বড় ধরনের ঝুঁকিতে পড়বে এবং স্থানীয় বাসিন্দাদের স্থানান্তরিত হওয়ার প্রবণতা আরও বৃদ্ধি পাবে।

অতএব, মাতারবাড়ি দ্বীপে এস. আলম গ্রুপের ২,০০০ একর জমি অধিগ্রহণের অনুমোদন বাতিলের জন্য আপনার নিকট বিনীত অনুরোধ জানাচ্ছি। যদি, জমি অধিগ্রহণ প্রক্রিয়া ইতোমধ্যেই সম্পন্ন হয়ে থাকে, তবে তা অবিলম্বে স্থানীয়দের ফেরত দেওয়ার দাবি জানাচ্ছি। অধিকন্তু, সঙ্কটাপন্ন এলাকায় এমন শিল্প স্থাপন ও পরিচালনার ক্ষেত্রে কঠোর নিয়ন্ত্রণ ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয়তা অপরিহার্য। এ বিষয়ে আপনার সক্রিয় হস্তক্ষেপ জনগণের জীবন ও পরিবেশ রক্ষায় অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

আপনার সর্বাঙ্গীন মঙ্গল, সাফল্য ও সক্রিয় উদ্যোগ কামনায় -

হাসান মেহেদী

সদস্য সচিব, বাংলাদেশের প্রতিবেশ ও উন্নয়ন বিষয়ক কর্মজোট (বিডব্লিউজিইডি), ও
প্রধান নির্বাহী, উপকূলীয় জীবনযাত্রা ও পরিবেশ কর্মজোট (ক্লিন)

তথ্যসূত্র

BBS (2011). পপুলেশন ও হাউজিং সেন্সাস রিপোর্ট, ২০১১ (Community Series: Cox's Bazar). Bangladesh Bureau of Statistics (BBS): November 2014

BBS (2022). পপুলেশন ও হাউজিং সেন্সাস রিপোর্ট, ২০২২ (District Series: Cox's Bazar). Bangladesh Bureau of Statistics (BBS): June 2024

CPGCBL (2023). সিপিজিসিবিএল বার্ষিক প্রতিবেদন, ২০২২-২৩. Coal Power Generation Company Bangladesh Limited (CPGCBL): October 2023

সংযুক্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার
রাজস্ব শাখা
www.coxsbazar.gov.bd

স্মারক নং-০৫.২০.২২০০.১২৮.০০৮.০১.১২.২১- ১০৮৬

তারিখ ২২ ভাদ্র, ১৪২৯ বঙ্গাব্দ / ০৬ সেপ্টেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয় : The Bangladesh Land Holding (Limitation order, 1972 (Present's order no-98 of 1972) এর 4(d) ধারার বিধান অনুযায়ী এস.আলম গ্রুপের ০২(দুই)টি কোম্পানীকে কক্সবাজার জেলাধীন মহেশখালী উপজেলায় (বঙ্গোপসাগর সংলগ্ন) মাতারবাড়ী মৌজায় বৃহৎ শিল্প স্থাপনের লক্ষ্যে সরাসরি সংশ্লিষ্ট জমির মালিকদের নিকট হতে অকৃষি, পতিত ২০০০(দুই হাজার) একর জমি ক্রয়ের মাধ্যমে অর্জনক্রমে ধারণ (Retain) করার জন্য Relaxation প্রদানের অনুমতি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে, জনাব আহসানুল আলম, ব্যবস্থাপনা পরিচালক, এস.আলম গ্রুপ কর্তৃক The Bangladesh Land Holding (Limitation order, 1972 (Present's order no-98 of 1972) এর 4(d) ধারার বিধান অনুযায়ী এস.আলম গ্রুপের ০২(দুই)টি কোম্পানীকে কক্সবাজার জেলাধীন মহেশখালী উপজেলার (বঙ্গোপসাগর সংলগ্ন) মাতারবাড়ী মৌজায় বৃহৎ শিল্প স্থাপনের লক্ষ্যে সরাসরি সংশ্লিষ্ট জমির মালিকদের নিকট হতে অকৃষি, পতিত ২০০০(দুই হাজার) একর জমি ক্রয়ের মাধ্যমে অর্জনক্রমে ধারণ (Retain) করার জন্য Relaxation প্রদানের অনুমতি প্রদানের বিষয়ে একখানা আবেদন করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, প্রাপ্ত আবেদনের বিষয়ে The Bangladesh Land Holding (Limitation order, 1972) এর 4(d) এবং SA & T Act, 1950 এর 90(3) ধারা অনুযায়ী বিধি মোতাবেক সরেজমিনে তদন্তক্রমে প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : পাতা।

মো: আশিক খান
রেভিনিউ ডেপুটি কালেক্টর
কক্সবাজার
ফোন-[illegible]
email:rdccoxs@gmail.com

সহকারী কমিশনার (ভূমি)
মহেশখালী, কক্সবাজার

স্মারক নং-০৫.২০.২২০০.১২৮.০০৮.০১.১২.২১- ১০৮৬

তারিখ ২২ ভাদ্র, ১৪২৯ বঙ্গাব্দ / ০৬ সেপ্টেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি : সদয় অবগতির জন্য-

০১। উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী, কক্সবাজার
০২। ব্যবস্থাপনা পরিচালক, এস.আলম গ্রুপ, চট্টগ্রাম
০৩। অফিস কপি।

রেভিনিউ ডেপুটি কালেক্টর
কক্সবাজার